

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কর কমিশনারের কার্যালয়  
কর অঞ্চল-১, চট্টগ্রাম।

নথি নং : ১৩এম-২(এডিআর)/চট্ট-১/২০১৫-২০১৬/

তারিখ : ২৬.১০.২০১৫ খ্রিঃ

বিকল্প বিরোধ নিষ্পত্তির (Alternative Dispute Resolution) জন্য  
উদ্বুদ্ধকরণ ও মতবিনিময় সভার কার্যবিবরণী

কর অঞ্চল-১, চট্টগ্রাম এর উদ্যোগে ১৫.০৯.২০১৫ তারিখ চট্টগ্রাম আয়কর বিভাগের সম্মেলন কক্ষ “সাম্পান”-এ বিকল্প বিরোধ (ADR) বিষয়ে এক উদ্বুদ্ধকরণ ও মতবিনিময় সভা কর কমিশনার অপূর্ব কান্তি দাস এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। এতে বিভিন্ন পর্যায়ের করদাতা, কর আইনজীবী সমিতির নেতৃবৃন্দ ও সংশ্লিষ্ট কর কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বিকল্প বিরোধ নিষ্পত্তির (ADR) বিভিন্ন দিক এবং এ সম্পর্কিত একটি ধারণাপত্র উপস্থাপন করেন। তিনি তার বক্তব্যে সংক্ষিপ্ত ও দ্রুততম সময়ের মধ্যে আয়কর মামলা নিষ্পত্তির জন্য বিকল্প বিরোধ নিষ্পত্তির সুযোগ নেয়ার জন্য সকলকে আহ্বান জানান।

সভায় অংশগ্রহণকারী সকলকে বিকল্প বিরোধ নিষ্পত্তি বিষয়ক কার্যক্রমে সর্বাঙ্গিক সহায়তার নিশ্চয়তা দেয়া হয়।

পরে এ বিষয়ে একটি মুক্ত আলোচনা ও প্রশ্নোত্তর পর্ব পরিচালিত হয় যাতে সকল অংশগ্রহণকারী স্বতস্ফূর্তভাবে অংশগ্রহণ করেন।

সবশেষে সভার সভাপতি সভায় উপস্থিত থাকার জন্য সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/ ২৬.১০.২০১৫  
(অপূর্ব কান্তি দাস)  
কর কমিশনার  
কর অঞ্চল-১, চট্টগ্রাম।  
ফোন : ০৩১-৭১৫১৯০

নথি নং : ১৩এম-২(এডিআর)/চট্ট-১/২০১৫-২০১৬/

তারিখ : ২৬.১০.২০১৫ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হল :

১। সদস্য (কর প্রশাসন ও মানবসম্পদ ব্যবস্থাপনা), জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

(সুখাংশু কুমার সাহা)  
উপ কর কমিশনার (সদর : প্রায়োগিক)  
কর অঞ্চল-১, চট্টগ্রাম।  
ফোন : ০৩১-৭২৩৬৭০